Time Taken

30:02

Mark Gained

1.'চিলে কোঠার সেপাই' উপন্যাসের নায়ক কে?

a. ওসমান ✓

b. ওয়াশিম

c. তারেক

d. বাবুল

Explanation:
উত্তর: ওসমান।

ব্যাখ্যা:
- 'চিলেকোঠার সেপাই' বাংলাদেশী কথাসাহিত্যিক আখতারুজ্জামান ইলিয়াস রচিত উপন্যাস।

- এটি ছিলো তার প্রথম উপন্যাস।

- যার প্রধান চরিত্রের নাম ছিলো ওসমান।

2.চর্যাপদের তিব্বতী অনুবাদ আবিষ্কৃত হয় কত সালে?

a. 1907

b. 1938 ✓

c. 1923

d. 1916

Explanation: ***১৯৩৮*** চর্যাপদের তিব্বতী অনুবাদ আবিস্কার করেন প্রবোধচন্দ্র বাগচী ১৯৩৮ সালে ১৯০৭- হরপ্রসাদ শাস্ত্রী চর্যাপদ আবিষ্কার করেন। ১৯১৬- বঙ্গীয় সাহিত্য পরিষদ থেকে চর্যাপদ প্রকাশ করেন।

3.বিপ্রদাস পিপিলাই রচিত কাব্যের নাম কি?

a. মনসা মঙ্গল

b. মনসা বিজয় ✓

c. চাঁদ সওদাগর কাহিনী

d. মনসা প্রশস্তি

Explanation: বিপ্রদাস পিপিলাই ছিলেন ''মনসামঙ্গল'' কাব্যের কবি। *** মনসামঙ্গল কাব্যের আরো উল্লেখযোগ্য কবিঃ ১। কানা হরিদত্ত: মনসামঙ্গল কাব্যের আদি কবি। ২। বিজয় গুপ্ত : তিনি মনসামঙ্গল কাব্যের শ্রেষ্ঠ কবি।আলাউদ্দীন হোসেন শাহের পৃষ্ঠপোষকতায় তিনি কাব্য রচনা করেন। ৩। নারায়ণ দেব ৪। দ্বিজ বংশীদাস ৫। কেতকাদাস ক্ষেমানন্দ

4.মধ্যযুগীয় একশ্রেণির ধর্মবিষয়ক আখ্যানকাব্যের উদাহরণ –

a. (ক) গীতিকাব্য

b. (খ) মঙ্গলকাব্য ✓

c. (গ) জীবনীকাব্য ✗

d. (ঘ) চর্যাচর্যবিনিশ্চয়

Explanation: বাংলা সাহিত্যের মধ্যযুগে বিশেষ এক শ্রেণির ধর্মবিষয়ক আখ্যান কাব্য মঙ্গলকাব্য নামে পরিচিত। বলা হয়ে থাকে, যে কাব্যে দেবতার আরাধনা, মাহাত্ম্য-কীর্তন করা হয়, যে কাব্য শ্রবণেও মঙ্গল হয় এবং বিপরীতে হয় অমঙ্গল; যে কাব্য মঙ্গলাধার, এমন কি, যে কাব্য ঘরে রাখলেও মঙ্গল হয় তাকে বলা হয় মঙ্গলকাব্য

5.অভিনব জয়দেব বলা হয় কাকে?

a. বিদ্যাপতি ✓

b. চণ্ডীদাস

c. শ্রীচৈতন্য

d. আলাওল

Explanation: উত্তর: বিদ্যাপতি। ব্যাখ্যা: মিথিলার কবি বিদ্যাপতি বাঙালি না হয়েও অথবা বাংলায় কবিতা রচনা না করেও "বাঙালি বৈষ্ণবের গুরুস্থানীয়, রসিক বাঙালির শ্রদ্ধেয় কবি, বৈষ্ণব সহজিয়া সাধকদের নবরসিকের অন্যতম।' 'মৈথিল কোকিল' ও 'অভিনব জয়দেব' নামে খ্যাত এই বিস্ময়কর প্রতিভাশালী কবি একাধারে কবি, শিক্ষক, কাহিনিকার, ঐতিহাসিক, ভূবৃত্তান্ত- লেখক ও স্মার্ত নিবন্ধকার হিসেবে ধর্মকর্মের ব্যবস্থাদাতা ও আইনের প্রামাণ্য গ্রন্থের লেখক ছিলেন। তাঁর অন্যান্য উপাধি ছিল: নব কবিশেখর, কবিরঞ্জন, কবিকণ্ঠহার, পণ্ডিত ঠাকুর, সদুপাধ্যায়, রাজপণ্ডিত ইত্যাদি।

6.এমন পিরীতি কভু নাহি দেখি শুনি। পরাণে পরাণ বান্ধা আপনা আপনি॥ উপরের চরণ দুটির রচয়িতা কে?

a. বিদ্যাপতি

b. গোবিন্দদাস

c. জ্ঞানদাস

d. চণ্ডীদাস ✓

Explanation: উত্তর: চণ্ডীদাস। ব্যাখ্যা: বাংলা ভাষায় বৈষ্ণব পদাবলির আদি রচয়িতা কবি চণ্ডীদাস। তাঁর রাধাকৃষ্ণ বিষয়ক পদাবলি যুগ যুগ ধরে বাঙালির হৃদয়কে সীমাহীন রসমাধুর্যে পরিপূর্ণ করে তুলেছে। চণ্ডীদাস রাধাকে কৃষ্ণপ্রেমে আত্মহারারূপে চিত্রিত করেছেন। কবি রাধার চরিত্রে মিলনের আনন্দের চেয়ে বিচ্ছেদের বেদনা তীব্রতর করে রূপ দিয়েছেন। কবি এই অনুভূতি প্রকাশ করতে গিয়ে বলেছেন : এমন পিরীতি কভু নাহি দেখি শুনি। পরাণে পরাণ বান্ধা আপনা আপনি॥ দুহুঁ কোরে দুহুঁ কাঁদে বিচ্ছেদ ভাবিয়া। আধ তিল না দেখিলে যায় যে মরিয়া॥

7."না রবে প্রসাদগুণ না হবে রসাল। অতএব কহি ভাষা যাবনী মিশাল।" কার উক্তি?

a. ভারতচন্দ্র রায় ✓

b. গোবিন্দদাস

c. মুকুন্দরাম চক্রবর্তী

d. কৃষ্ণচন্দ্র মজুমদার

Explanation: উত্তর: ভারতচন্দ্র রায়। ব্যাখ্যা: ভারতচন্দ্র রায় গুণাকরের বিখ্যাত কয়েকটি উক্তিঃ কে বলে শারদ শশী সে মুখের তুলা। পদনখে পড়ি তার আছে কতগুলা।। অতি বড় বৃদ্ধ পতি সিদ্ধিতে নিপুণ, কোন গুণ নাই তার কপালে আগুন। 'আমার সন্তান যেন থাকে দুধে ভাতে'। এটা অন্নদামঙ্গল কাব্যের চরিত্র ঈশ্বরী পাটনীর উক্তি। মন্ত্রের সাধন কিংবা শরীর পাতন। নগর পুড়িলে দেবালয় কি এড়ায়? না রবে প্রসাদগুণ না হবে রসাল। অতএব কহি ভাষা যাবনী মিশাল।। বড়র পিরীতি বালির বাঁধ! ক্ষণে হাতে দড়ি, ক্ষণেকে চাঁদ।

8.'সুদীপ্ত শাহীন' কোন মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাসের চরিত্র?

a. নিষিদ্ধ লোবান

b. জাহান্নম হইতে বিদায়

c. জলাঙ্গী

d. রাইফেল রোটি আওরাত ✓

Explanation: উত্তর: রাইফেল রোটি আওরাত।

9.মুক্তিযুদ্ধভিত্তিক 'জীবন ও রাজনৈতিক বাস্তবতা' উপন্যাসটির রচয়িতা-

a. হুমায়ুন আহমেদ

b. শওকত ওসমান

c. শহীদুল জহির ✅

d. আমজাদ হোসেন

Explanation: উত্তর: শহীদুল জহির।

10.কোন সাহিত্যিক মুক্তিযুদ্ধে অংশগ্রহণের জন্য বীরপ্রতীক খেতাব লাভ করেন?

a. শওকত ওসমান

b. গাজীউল হক

c. আব্দুস সাত্তার ✅

d. জহির রায়হান ❌

11.স্বাধীনতা-এই শব্দটি কিভাবে আমাদের হলো'-কবিতাটি কোন কবির রচনা?

a. আহসান হাবীব

b. নির্মলেন্দু গুণ ✅

c. রফিক আজাদ

d. মহাদেব সাহা

Explanation: আহসান হাবীব - মুক্তিযোদ্ধারা দেখতে কেমন (কবিতা)। রফিক আজাদ - একজন মুক্তিযোদ্ধার আত্মসমর্পণ (কবিতা)। মহাদেব সাহা - আমি যখন মুক্তিযুদ্ধের কথা বলি (কবিতা)।

12.একুশে ফেব্রুয়ারি স্মরণে প্রথম বিশেষ সংখ্যা প্রকাশ করে কোন পত্রিকা?

a. স্বদেশ

b. সৈনিক ✓

c. সমকাল

d. দৈনিক আজাদ

Explanation: একুশে ফেব্রুয়ারির গুলি ও ছাত্র হত্যার প্রতিবাদে ২২ ফেব্রুয়ারি সারা দেশে হরতাল পালিত হয়। ঐ দিন মিছিলে আবার গুলি চালায় পুলিশ, হতাহত হয় বহু ছাত্র জনতা। একুশের এই রক্তাক্ত ঘটনার পর ২৩শে ফেব্রুয়ারি প্রকাশিত হয় সাপ্তাহিক 'সৈনিক' এর বিশেষ সংখ্যা। এটি ছিল ভাষা আন্দোলনের অমর শহিদদের স্মরণে কোন পত্রিকার প্রথম বিশেষ সংখ্যা প্রকাশ।

13.সমকাল' পত্রিকার সম্পাদক কে?

a. আবু জাফর ওবায়দুল্লাহ

b. আবু জাফর শামসুদ্দীন

c. সিকান্দার আবু জাফর ✓

d. তফাজ্জল হোসেন

Explanation: উত্তর: সিকান্দার আবু জাফর।

14.বাঙালি সম্পাদিত প্রথম পত্রিকা কোনটি?

a. বেঙ্গল গেজেট

b. সংবাদ প্রভাকর

c. বাঙ্গাল গেজেট

d. সম্বাদ কৌমুদী

Explanation: উত্তর: বাঙ্গাল গেজেট।

15.বাংলা সাহিত্যের প্রথম ইতিহাস গ্রন্থ কোনটি?

a. বঙ্গভাষা ও সাহিত্য

b. মুসলিম মানস ও বাংলা সাহিত্য

c. বাংলা গদ্যরীতির ইতিহাস

d. বাংলা সাহিত্যের রূপরেখা

Explanation: ***বঙ্গভাষা ও সাহিত্য*** বাংলা সাহিত্যের প্রথম ইতিহাস বিষয়ক গ্রন্থ রচনা করেন ড. দীনেশচন্দ্র সেন 'বঙ্গভাষাও সাহিত্য' (১৮৯৬)। তিনি কুমিল্লায় অবস্থানকালে গ্রামবাংলার বিভিন্ন অঞ্চল ঘুরে পুঁথি সংগ্রহ করেন এবং এ সকল পুঁথি থেকে উপকরণ নিয়ে রচনা করেন এ অসাধারণ গ্রন্থ।

16.কোন গ্রন্থটি রাজা রামমোহন রায়ের রচনা নয়?

a. গৌড়ীয় ব্যাকরণ

b. বেদান্তগ্রন্থ

c. বেদান্ত চন্দ্রিকা

d. পথ্যপ্রদান

Explanation: উত্তর: বেদান্ত চন্দ্রিকা। মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার রচিত ৫ টি গ্রন্থ - ১. প্রবোধচন্দ্রিকা। ২. বেদান্তচন্দ্রিকা। ৩. রাজাবলি। ৪. বত্রিশ সিংহাসন। ৫. হিতোপদেশ।

17.বঙ্কিমচন্দ্রের কোন উপন্যাসটি দেশাত্মবোধক?

a. আনন্দমঠ

b. রাজসিংহ

c. চন্দশেখর

d. রাধারানী

Explanation:
উত্তর: আনন্দমঠ।

বঙ্কিমচন্দ্রের ত্রয়ী উপন্যাস - ১. আনন্দমঠ - এই উপন্যাসের বিখ্যাত স্বদেশমূলক গান ' বন্দে মাতরম'। চরিত্র - ভবানন্দ, কল্যাণী, মহেন্দ্র সিংহ, ব্রক্ষচারী। ২. সীতারাম। চরিত্র - সীতারাম। ৩. দেবী চৌধুরাণী - প্রফুল্ল, ব্রক্ষঠাকুরানী, সাগর, ব্রজেশ্বর। - রাজসিংহঃ ঐতিহাসিক এবং নায়িকাপ্রধান উপন্যাস। চরিত্র - জেবুন্নেসা। - চন্দ্রশেখরঃ ঐতিহাসিক। চরিত্র - চন্দ্রশেখর, প্রতাপ, শৈবলিনী। রাধারানী - সমাজ ও গার্হস্থ্যধর্মী উপন্যাস। চরিত্র - রাধারানী, বসন্তকুমারী, কামাখ্যা বাবু, রুক্মিণী কুমার।

18.পল্লীকবি জসীমউদ্‌দীনের পল্লীগানসমূহ সংকলিত হয়েছে কোন গ্রন্থে?

a. রঙিলা নায়ের মাঝি

b. রাখালী

c. এক পয়সার বাঁশী

d. মা যে জননী কান্দে

Explanation: উত্তর: রঙিলা নায়ের মাঝি। জসীমউদ্দিনের গানের সংকলন - ১. জারিগান। ২. গাঙ্গের পাড়। ৩. রঙিলা নায়ের মাঝি।

19.‘এক পথ দুই বাঁক’ উপন্যাসটির রচয়িতা কে?

a. নীলিমা ইব্রাহিম ✅

b. শহীদুর জহির

c. বুদ্ধদেব বসু

d. আনোয়ার পাশা

Explanation: উত্তর: নীলিমা ইব্রাহিম। নীলিমা ইব্রাহীম মূলত একজন শিক্ষাবিদ হিসেবে পরিচিত। তাঁর প্রকাশিত গ্রন্থগুলোর নাম: প্রবন্ধ-গবেষণা : শরৎ প্রতিভা (১৯৬০), বাংলার কবি মধুসূদন (১৯৬১), ঊনবিংশ শতাব্দীর বাঙালী সমাজ ও বাংলার নাটক (১৯৬৪), উপন্যাস : বিশ শতকের মেয়ে (১৯৫৮), এক পথ দুই বাঁক (১৯৫৮), কেয়া বন সঞ্চারিণী (১৯৬২), বহ্নিবলয় (১৯৮৫)।

20.‘ক্ষুধা ও আশা’ কোন জাতীয় গ্রন্থ?

a. নাটক

b. উপন্যাস ✅

c. কাব্যগ্রন্থ

d. প্রবন্ধ

Explanation: উত্তর: উপন্যাস। ‘ক্ষুধা ও আশা’ উপন্যাসটি আলাউদ্দীন আল আজাদের রচিত।

21.বাংলা সাহিত্যে ‘স্বভাব কবি' হিসেবে পরিচিত-

a. ঈশ্বরচন্দ্র গুপ্ত

b. ঈশ্বরী পাটনী

c. চণ্ডীদাস

d. গোবিন্দচন্দ্র দাস ✓

Explanation: উত্তর: গোবিন্দচন্দ্র দাস। বাংলা সাহিত্যের স্বভাব কবি বলা হয় গোবিন্দচন্দ্র দাস কে। গোবিন্দচন্দ্র দাস (১৬ জানুয়ারি, ১৮৫৫ - ১ অক্টোবর, ১৯১৮) একজন বাঙালি স্বভাব কবি । তিনি রবীন্দ্রনাথের সমসাময়িক কবিদের মধ্যে একজন। তিনি ময়মনসিংহ এর অধিবাসী ছিলেন ।

22.‘চারণ কবি’ কে?

a. জসীমউদ্দীন

b. মুকুন্দদাস ✓

c. মোজাম্মেল হক

d. প্রথম চৌধুরী

Explanation: উত্তর: মুকুন্দদাস।

23.‘উহ্যমান পণ্ডিত’ কার ছদ্মনাম?

a. বিজয় গুপ্ত

b. সত্যজিৎ রায়

c. সুকুমার রায়

d. মালাধর বসু

Explanation: উত্তর: সুকুমার রায়। সুকুমার রায়ের ছদ্মনাম - উহ্যমান পণ্ডিত। তিনি ছিলেন ছড়াকার ও শিশুসাহিত্যিক। সুকুমার রায় রচিত শিশুতোষ গ্রন্থ: আবোল-তাবোল, হ-য-ব-র-ল, পাগলা দাশু, বহুরূপী, খাইখাই। 'অতীতের কথা' সুকুমার একটি কাব্য। 'হেসোরামের ডাইরি' তার রচিত একটি অপ্রকাশিত রম্যরচনা। ১৯২৩ সালে কালাজ্বরে আক্রান্ত হয়ে কলকাতায় সুকুমার রায় মৃত্যুবরণ করেন।

24.'অমৃত কুম্ভের সন্ধানে' কার লেখা উপন্যাস?

a. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

b. সমরেশ বসু

c. তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়

d. সুনীল গঙ্গোপাধ্যায়

Explanation: উত্তর: সমরেশ বসু। সমরেশ বাবু ছিলেন একজন ঔপন্যাসিক। তিনি কালকুট ও ভ্রমর ছদ্মনামে লিখতেন। সমরেশ বাবু রচিত উপন্যাস: উত্তরঙ্গ, গঙ্গা, অমৃত কুম্ভের সন্ধানে,বিবর, জগদ্দল, প্রজাপতি। তিনি আনন্দ পুরস্কার এবং সাহিত্য আকাদেমি পুরস্কার লাভ করেন।

25.রবীন্দ্রনাথ ঠাকুরকে 'গুরুদেব' উপাধি দেন কে?

a. ব্রহ্মবান্ধব উপাধ্যায়

b. মহাত্মা গান্ধী

c. রাণী ভিক্টোরিয়া

d. ইন্দিরা গান্ধী

Explanation: ***ব্রহ্মবান্ধব উপাধ্যায়** কবিগুরু- ক্ষিতিমোহন সেন। গুরুদেব- মহাত্মা গান্ধী। ভারতের মহাকবি - চীনা কবি চি - সি - লিজন। রবীন্দ্রনাথ ঠাকুর ব্রিটিশ সরকার কর্তৃক নাইটহুড উপাধি লাভ করে - ১৯১৫ সালে এবং নাইটহুড উপাধি ত্যাগ করে - ১৯১৯ সালে ( জালিয়ানওয়ালাবাগের হত্যাকাণ্ডের প্রতিবাদে।

26.দুলি দুহি পিটা ধরণ ন জাই- এখানে দুলি শব্দের অর্থ কী?

a. ক) হরিণ

b. খ) কাছিম

c. গ) দোলনা

d. ঘ) তেতুল

Explanation: দুলি দুহি পিটা ধরণ ন জাই। রুখের তেন্তলি কুম্ভীরে খাঅ॥ এর অর্থ: কাছিম দুইয়ে উপচে পড়ে ভাঁড়, গাছের তেঁতুল কুমিরের খাবার, এটি কুক্কুরীপার ২ নং পদ। এখানে দুলি শব্দের অর্থ কাছিম।

27.‘অর্ধেক নগরী তুমি অর্ধেক কল্পনা’ উক্তিটি কে করেছেন?

a. রবীন্দ্রনাথ ঠাকুর

b. অন্নদাশঙ্কর রায়

c. হুমায়ুন আহমেদ

d. সমর সেন

Explanation: ***অন্নদাশঙ্কর রায়*** অন্নদাশঙ্কর রায়ের 'পথে প্রবাসে' ভ্রমন কাহিনিতে ফ্রান্সের রাজধানী প্যারিসকে তিনি বলেছেন 'অর্ধেক নগরী তুমি অর্ধেক কল্পনা’ ।

28.বাংলা সাহিত্যের প্রথম পত্রসাহিত্য রচনা করেন কে?

a. ভারতচন্দ্র রায়

b. আলাওল

c. শাহ মুহম্মদ সগীর

d. রামরাম বসু ✔

Explanation: ***রামরাম বসু*** রামরাম বসু বাংলা গদ্যসাহিত্যের আদি লেখকদের একজন। তিনি 'কেরী সাহেবের মুন্সী' নামেও পরিচিত। তার রচিত 'রাজা প্রতাপাদিত্য চরিত্র' বাঙালির লেখা প্রথম বাংলা মৌলিক গদ্যগ্রন্থ ও ছাপাখানায় মুদ্রিত প্রথম বই। লিপিমালা তার একটি গদ্যগ্রন্থ।

29.রাইফেল রোটি আওরাত' উপন্যাসের প্রতিপাদ্য বিষয় কী?

a. ৭ মার্চের ঘটনা

b. ২৫ মার্চ থেকে দু'দিনের ঘটনা ✔

c. ৭১ এর বিজয়ের ঘটনা

d. ৩ মার্চের পরের ঘটনা

Explanation: ***২৫ মার্চ থেকে দু'দিনের ঘটনা***

30.হুমায়ুন আহমেদের 'সূর্যের দিন' মুক্তিযুদ্ধভিত্তিক__

a. নাটক

b. প্রবন্ধ

c. উপন্যাস

d. গল্প

Explanation: ***উপন্যাস*** কিশোরদের উপযোগি করে হুমায়ুন আহমেদের লেখা অনবদ্য একটা উপন্যাস 'সূর্যের দিন'। এই উপন্যাসের একটি বিশেষত্ব হল, একাত্তরের প্রেক্ষাপটে রাজনৈতিক কিছু টপিকের পক্ষ-বিপক্ষের মনোভাব লেখক চমৎকারভাবে ফুটিয়ে তুলেছেন আর তার মাধ্যমে দেখাতে চেয়েছেন।

31."তুমি অধম তাই বলিয়া আমি উত্তম না হইব কেন?" সংলাপটি কোন উপন্যাসের অংশ?

a. ক) ইন্দিরা

b. খ) বিষবৃক্ষ

c. গ) আনন্দমঠ

d. ঘ) কপালকুণ্ডলা

Explanation: ***ঘ) কপালকুণ্ডলা*** "তুমি অধম তাই বলিয়া আমি উত্তম না হইব কেন?" সংলাপটি কপালকুণ্ডলা উপন্যাসের অংশ। কপালকুণ্ডলা (১৮৬৬) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের দ্বিতীয় উপন্যাস। - অনেকের মতে এটি তাঁর শ্রেষ্ঠ উপন্যাস। উপন্যাসের চরিত্র - নবকুমার, কপালকুণ্ডলা, কাপালিক প্রমুখ। - এ উপন্যাসের অপর একটি বিখ্যাত সংলাপ - "পথিক তুমি পথ হারাইয়াছ"। এটি বাংলা সাহিত্যের প্রথম রোমান্টিক সংলাপ। উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

32.বিশ শতকের মেয়ে' উপন্যাসের রচয়িতা কে?

a. ক) আখতারুজ্জামান ইলিয়াস

b. খ) জাহানারা ইমাম

c. গ) সুফিয়া কামাল

d. ঘ) নীলিমা ইব্রাহিম ✓

Explanation: ***ঘ) নীলিমা ইব্রাহিম*** শিক্ষাবিদ, সাহিত্যিক ও সমাজকর্মী নীলিমা ইব্রাহিম (১৯২১-২০০২) বাগেরহাট জেলার ফকিরহাট উপজেলার মূলঘর গ্রামের এক জমিদার পরিবারে জন্মগ্রহণ করেন। - নীলিমা ইব্রাহিম বহু জাতীয় ও আন্তর্জাতিক সমাজকল্যাণ ও নারী-উন্নয়নসংস্থা এবং বুদ্ধিবৃত্তিক সংগঠনের সঙ্গে যুক্ত ছিলেন। - নীলিমা ইব্রাহিম বেশকিছু উল্লেখযোগ্য গ্রন্থ ও প্রবন্ধ রচনা করেছেন। তাঁর গ্রন্থবদ্ধ রচনাসমূহের মধ্যে উল্লেখযোগ্য হলো: উপন্যাস - বিশ শতকের মেয়ে (১৯৫৮), - এক পথ দুই বাঁক (১৯৫৮), - কেয়াবন সঞ্চারিণী (১৯৬২), - বহ্নিবলয় (১৯৮৫); গবেষণা - শরৎ-প্রতিভা (১৯৬০), - বাংলার কবি মধুসূদন (১৯৬১), - ঊনবিংশ শতাব্দীর বাঙালী সমাজ ও বাংলা নাটক (১৯৬৪), - বাংলা নাটক : উৎস ও ধারা (১৯৭২), - বেগম রোকেয়া (১৯৭৪), - বাঙ্গালীমানস ও বাংলা সাহিত্য (১৯৮৭), - সাহিত্য-সংস্কৃতির নানা প্রসঙ্গ (১৯৯১); ছোটগল্প - রমনা পার্কে (১৯৬৪); নাটক - দুয়ে দুয়ে চার (১৯৬৪), - যে অরণ্যে আলো নেই (১৯৭৪), - রোদ জ্বলা বিকেল (১৯৭৪), - সূর্যাস্তের পর (১৯৭৪); কথানাট্য - আমি বীরাঙ্গনা বলছি (২ খন্ড ১৯৯৬-৯৭); অনুবাদ - এলিনর রুজভেল্ট (১৯৫৫), - কথাশিল্পী জেমস ফেনিমোর কুপার (১৯৬৮), - বস্টনের পথে (১৯৬৯); ভ্রমণকাহিনী - শাহী এলাকার পথে পথে (১৯৬৩); আত্মজীবনী - বিন্দু-বিসর্গ (১৯৯১) ইত্যাদি। উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর এবং বাংলাপিডিয়া।

33.'স্বাধীনতা তুমি পিতার কোমল জায়নামাজের উদার জমিন'- লাইনটির রচয়িতা কে?

a. ক) এম আর আখতার মুকুল

b. খ) শামসুর রাহমান ✓

c. গ) নির্মলেন্দু গুণ

d. ঘ) সৈয়দ শামসুল হক

Explanation: শামসুর রাহমানের ‘বন্দী শিবির থেকে' কাব্যগ্রন্থের বিখ্যাত কবিতা- 'স্বাধীনতা তুমি' শামসুর রাহমান রচিত কিছু উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ: - 'বাংলাদেশ স্বপ্ন দ্যাখে' - প্রথম গান দ্বিতীয় মৃত্যুর আগে, - রৌদ্র করোটিতে, - বিধ্বস্ত নীলিমা, - নিরালোকে দিব্যরথ, - নিজ বাসভূমে, - বন্দী শিবির থেকে,

34.কাজী মোতাহার হোসেনের বিখ্যাত প্রবন্ধ সংকলন কোনটি?

a. ক) ভবিষ্যতের বাঙালি

b. খ) সঞ্চয়ন

c. গ) কবিতার কথা

d. ঘ) তুর্কমহিলার ঘোমটা খোলা

Explanation: - 'ভবিষ্যতের বাঙালি' প্রবন্ধটি লিখেছেন এস ওয়াজেদ আলি। - 'কবিতার কথা' প্রবন্ধটি লিখেছেন জীবনানন্দ দাশ। - 'তুর্কমহিলার ঘোমটা খোলা' প্রবন্ধটি লিখেছেন কাজী নজরুল ইসলাম। কাজী মোতাহের হোসেন - 'শিখা' পত্রিকার মুখপত্র হিসেবে কাজ করেছেন। - তিনি ঢাকায় 'মুসলিম সাহিত্য- সমাজ' প্রতিষ্ঠায় অবদান রেখেছেন। জাতীয় অধ্যাপক মর্যাদায় ভূষিত হন ১৯৮৫ সালে।

35.'সাবিত্রী উপাখ্যান' উপন্যাসের রচয়িতা কে?

a. ক) হাসান আজিজুল হক

b. খ) হাসান হাফিজুর রহমান

c. গ) হুমায়ুন আজাদ

d. ঘ) ধুমায়ুন কবির

Explanation: সাবিত্রী উপাখ্যান' - উপন্যাসটির রচয়িতা হাসান আজিজুল হক। হাসান আজিজুল হক রচিত অন্যান্য উপন্যাসঃ আগুনপাখি, বৃত্তায়ন, শিউলি, সাবিত্রী উপাখ্যান, শামুক ইত্যাদি। হাসান আজিজুল হক রচিত গল্প: শীতের অরণ্য, আত্মজা ও একটি করবী গাছ জীবন ঘষে আগুন, নামহীন গোত্রহীন, পাতালে হাসপাতালে,

36.মৈমনসিংহ-গীতিকা ' কে সম্পাদনা করেন?

a. ক) দীনেশচন্দ্র সেন

b. খ) মহাদেব সাহা

c. গ) রামরাম বসু

d. ঘ) মাহমুদুল হক

Explanation: দীনেশচন্দ্র সেন ১৮৬৬ সালের ৩ নভেম্বর মানিকগঞ্জ জেলার বগজুরি গ্রামে এক সম্ভ্রান্ত বৈদ্যব্রাহ্মণ পরিবারে জন্মগ্রহণ করেন। - মৈমনসিংহ-গীতিকা ও পূর্ববঙ্গ গীতিকা সম্পাদনা করে তিনি আন্তর্জাতিক খ্যাতি অর্জন করেন।

37.নাগমতী কোন কাব্যের চরিত্র?

a. ক) পদ্মাবতী ✓

b. খ) অন্নদামঙ্গলকাব্য

c. গ) সেক শুভোদয়া

d. ঘ) মনসামঙ্গল

Explanation: হিন্দি কবি মালিক জায়সীর রচিত পদুমাবৎ কাব্যের অনুবাদরূপে বাঙালি কবি আলাওল রচিত পদ্মাবতী। এর চরিত্র চিতোরের রাজা রত্নসেন, প্রথম স্ত্রী নাগমতী ও মূল নায়িকা পদ্মাবতীকে ঘিরে। চন্দ্রাবতী কাব্যের চরিত্র চন্দ্রাবতী ও বীরভান। কালকেতু হলো চন্ডীমঙ্গল কাব্যের চরিত্র। লখিন্দর, বেহুলা ও চাঁদ সওদাগর হলো মনসামঙ্গল কাব্যের চরিত্র। রাধা, কৃষ্ণ ও বড়ায়ি হলো শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের চরিত্র।

38.হিন্দু-মুসলমানের ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানানো হয়েছে কোন গ্রন্থে?

a. ক) ভবিষ্যতের বাঙালী

b. খ) সমকালীন চিন্তা

c. গ) বাঙালী মানস

d. ঘ) শিক্ষা ও মনুষ্যত্ব

Explanation: 'ভবিষ্যতের বাঙালী' প্রবন্ধ গ্রন্থটির রচয়িতা এস ওয়াজেদ আলী। এই গ্রন্থে তিনি সাম্প্রদায়িকতা মুক্ত দেশ গঠনের লক্ষ্যে হিন্দু-মুসলমানের ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানিয়েছেন। - গ্রন্থটি প্রকাশিত হয় ১৯৪৩ খ্রিষ্টাব্দে। এস ওয়াজেদ আলী (১৮৯০-১৯৫১) রচিত অন্যান্য প্রবন্ধ গ্রন্থ: - জীবনের শিল্প (১৯৪১), - প্রাচ্য ও প্রতীচ্য (১৯৪৩), উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর এবং বাংলাপিডিয়া

39."স্মৃতির মিনার ভেঙেছে তোমার/ভয় কি বন্ধু-" কোন কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত?

a. ক) অমর একুশে

b. খ) স্মৃতিসৌধ

c. গ) মানচিত্র ✔

d. ঘ) স্মৃতিস্তম্ভ

Explanation: "স্মৃতির মিনার ভেঙেছে তোমার/ভয় কি বন্ধু-" পঙক্তিটি আলাউদ্দিন আল আজাদ এর 'স্মৃতিস্তম্ভ' কবিতার অন্তর্ভুক্ত। - কবিতাটি তাঁর 'মানচিত্র' কাব্যগ্রন্থের অন্তর্গত। - মহান একুশে নিয়ে এটি তাঁর একটি বিখ্যাত কবিতা। কবিতাটি নিম্নরূপ- স্মৃতিস্তম্ভ -আলাউদ্দিন আল আজাদ স্মৃতির মিনার ভেঙেছে তোমার? ভয় কি বন্ধু, আমরা এখনো চারকোটি পরিবার খাড়া রয়েছি তো ! যে-ভিত কখনো কোনো রাজন্য পারেনি ভাঙতে হীরের মুকুট নীল পরোয়ানা খোলা তলোয়ার খুরের ঝটকা ধুলায় চূর্ণ যে পদ-প্রান্তে যারা বুনি ধান গুণ টানি, আর তুলি হাতিয়ার হাঁপর চালাই সরল নায়ক আমরা জনতা সেই অনন্য । ইটের মিনার ভেঙেছে ভাঙুক ! ভয় কি বন্ধু, দেখ একবার আমরা জাগরী চারকোটি পরিবার । লেখকের উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ: - মানচিত্র (১৯৬১) - ভোরের নদীর মোহনায় জাগরণ (১৯৬২) উৎস: স্মৃতিস্তম্ভ, আলাউদ্দিন আল আজাদ এবং বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

40."মানুষের প্রতি বিশ্বাস হারানো পাপ" উক্তিটি কোন প্রবন্ধগ্রন্থে পাওয়া যায়?

a. ক) মানুষের ধর্ম

b. খ) কালান্তর ✔

c. গ) সভ্যতার সংকট ✘

d. ঘ) পঞ্চভূত

Explanation:
উত্তর: কালান্তর।

ব্যাখ্যা:
- "মানুষের প্রতি বিশ্বাস হারানো পাপ" উক্তিটি পাওয়া যায় রবীন্দ্রনাথ ঠাকুরের 'সভ্যতার সংকট' প্রবন্ধে।

- "সভ্যতার সংকট" প্রবন্ধটি "কালান্তর" প্রবন্ধগ্রন্থের অন্তর্গত ছিলো।

- তাই এই প্রশ্নের ক্ষেত্রে সঠিক উত্তর - খ) কালান্তর।

- প্রশ্নে প্রবন্ধের কথা উল্লেখ থাকলে উত্তর হবে ‘সভ্যতার সংকট’ আর গ্রন্থের কথা বললে উত্তর হবে ‘কালান্তর’।।

- রবীন্দ্রনাথের ১২৫তম জন্মদিনে বিশ্বভারতী থেকে "কালান্তর" এর যে নতুন সংস্করণ প্রকাশিত হয় এতে ৭টি প্রবন্ধ বাদ দেওয়া হয় যার মধ্যে 'সভ্যতার সংকট' অন্যতম।

- তবে নতুন কোনো গ্রন্থে সভ্যতার সংকট প্রবন্ধটি সংযোচিত করা হয় নি।

41.‘দ্রোপদীর শাড়ি’ কোন কবির কাব্য?

a. ক) কাজী নজরুল ইসলাম

b. খ) মাইকেল মধুসূধন দত্ত

c. গ) হুমায়ুন আহমেদ

d. ঘ) বুদ্ধদেব বসু ✓

Explanation: বুদ্ধদেব বসু ১৯০৮ সালে কুমিল্লা জন্মগ্রহণ করেন । - ''প্রগতি'' ও ''কবিতা'' নামে তিনি দুটি পত্রিকা সম্পাদনা করেন। বুদ্ধদেব বসুর রচিত কাব্যগ্রন্থ: - বন্দীর বন্দনা - কঙ্কাবতী - দ্রোপদীর শাড়ি ইত্যাদি উপন্যাস: - তিথিডোর - সানন্দা বুদ্ধদেব বসুর রচিত “হঠাৎ আলোর ঝলকানি” একটি প্রবন্ধ গ্রন্থ। উৎস: লাল নীল দীপাবলি (হুমায়ুন আজাদ) ও বাংলাপিডিয়া।

42.গোঁজলা গুঁই ছিলেন -

a. ক) কবিগানের আদিকবি

b. খ) মধ্যযুগের শেষ কবি

c. গ) মঙ্গল কাব্যের আদি কবি

d. ঘ) টপ্পা গানের রচয়িতা

Explanation: গোঁজলা গুঁই কবিওয়ালাদের মধ্যে সবচেয়ে প্রাচীন। - তিনি কবিগানের আদিগুরু বলে পরিচিত। - কবি ঈশ্বর গুপ্তের তথ্য অনুযায়ী, তিনি ১৭০৪ থেকে ১৭১৪ সালের মধ্যে জীবিত ছিলেন। - তাঁর গান থেকেই ঈশ্বর গুপ্ত কবিগানের প্রথম সূচনা ধরেছেন।

43.'একটি কাফি' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?

a. ক) চোরাবালি

b. খ) উর্বশী ও আর্টেমিস

c. গ) স্মৃতি সত্তা ভবিষ্যৎ

d. ঘ) তুমি শুধু পঁচিশে বৈশাখ

Explanation: • 'একটি কাফি' কবিতাটি বিষ্ণু দে রচিত 'তুমি শুধু পঁচিশে বৈশাখ' কাব্যগ্রন্থের অন্তর্গত। কবি, প্রাবন্ধিক, চিত্রসমালোচক ও শিল্পানুরাগী বিষ্ণু দের জন্ম ১৯০৯ সালের ১৮ জুলাই কলকাতার পটলডাঙ্গায় । - ১৯২৩ সালে কল্লোল পত্রিকা প্রকাশের ফলে যে নতুন সাহিত্য উদ্যম ও ব্যতিক্রমী শিল্প চেতনার সৃষ্টি হয়, বিষ্ণু দে ছিলেন তার অন্যতম উদ্যোক্তা। - ১৯৪৮ সালে তিনি চঞ্চলকুমার চট্টোপাধ্যায়ের সহযোগিতায় সাহিত্যপত্র প্রকাশ করেন। • বিষ্ণু দে রচিত কাব্যগ্রন্থ: - সাত ভাই চম্পা (১৯৪৪) - উর্বশী ও আর্টেমিস (১৯৩৩) - চোরাবালি (১৯৩৭) - তুমি শুধু পঁচিশে বৈশাখ (১৯৫৮) - স্মৃতি সত্তা ভবিষ্যৎ (১৯৬৩) - সেই অন্ধকার চাই (১৩৩৭) ইত্যাদি।

44.‘কাব্যভূষণ’ কার উপাধি?

a. কায়কোবাদ

b. শেখ ফজলুল করিম

c. নজিবর রহমান

d. বুদ্ধদেব বসু

45.মধ্যযুগের আদি কবি কে?

a. কানা হরিদত্ত

b. বড়ু চণ্ডীদাস ✓

c. বিদ্যাপতি

d. জয়দেব

46.নীলদর্পণ' নাটকের প্রথম ইংরেজি অনুবাদক কে?

a. লঙ সাহেব

b. ডিরোজিও

c. মধুসূদন ✓

d. দীনবন্ধু নিজেই

Explanation: নীলদর্পণ নাটকটি লিখেন দীনবন্ধু মিত্র। নাটকটি ১৮৬০ সালে ঢাকার বাংলা প্রেস থেকে প্রকাশিত হয়। ঢাকা থেকে প্রকাশিত প্রথম গ্রন্থ। নাটকটি মেহেরপুর অঞ্চলের নীলকরদের অত্যাচারের কাহিনী রচিত হয়েছে। এই নাটকটি মাইকেল মধুসূদন দত্ত ' A native' ছদ্মনামে অনুবাদ করে নাম দেন - The Indigo planting Mirror। চরিত্রঃ গোলক বসু, নবীন মাধব, রাইচরণ, তোরাপ।

47.নিচের কোন কবিতাটি কাজী নজরুল ইসলামের 'অগ্নি-বীণা' কাব্যের অন্তর্গত নয়?

a. ক) ধূমকেতু

b. খ) আগমনী

c. গ) নারী ✓

d. ঘ) কামালপাশা

Explanation: উত্তর: নারী। নারী কবিতাটি ‘সাম্যবাদী’ কাব্যের অন্তর্গত। - 'বিদ্রোহী' কবিতাটি 'অগ্নি-বীণা' কাব্য গ্রন্থের অন্তর্গত। - 'অগ্নি-বীণা' কাজী নজরুল ইসলামের প্রথম কাব্যগ্রন্থ। - কাব্যগ্রন্থটি তিনি বিপ্লবী বারীন্দ্রকুমার ঘোষ কে উৎসর্গ করেন। - এই কাব্যগ্রন্থের প্রথম কবিতা ‘প্রলয়োল্লাস'। - এ কাব্যে মোট ১২টি কবিতা আছে। অগ্নি-বীণা কাব্যের কবিতাগুলো হলো: প্রলোয়ল্লাস বিদ্রোহী রক্তাম্বর-ধারিণী মা আগমণী ধূমকেতু কামাল পাশা আনোয়ার রণভেরী শাত-ইল-আরব খেয়াপাড়ের তরণী কোরবানি মোহররম

48.জীবনস্মৃতি' কার আত্মজীবনী?

a. রবীন্দ্রনাথ ঠাকুর ✓

b. বুদ্ধদেব বসু

c. সৈয়দ মুজতবা আলী

d. রজনীকান্ত সেন

Explanation: ***রবীন্দ্রনাথ ঠাকুর*** রবীন্দ্রনাথ ঠাকুরের আত্মকথামূলক প্রবন্ধ - ১.জীবনস্মৃতি। ২. ছেলেবেলা। ৩. আত্মপরিচয়। ৪. চরিত্রপূজা। ৫. পঞ্চভূতের ডায়েরি।

49.কোনটি রশীদ হায়দারের মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস?

a. ওঙ্কার

b. চৌচির

c. খাঁচায় ✓

d. সেই সময়

Explanation: ***খাঁচায়*** চৌচির(উপন্যাস) - আবুল ফজল, ওঙ্কার - আহমদ ছফা, সেই সময় - সুনীল গঙ্গোপাধ্যায়

50.শরৎচন্দ্র সৃষ্ট 'অভয়া' চরিত্রটি কোন উপন্যাসের?

a. গৃহদাহ

b. শ্রীকান্ত ✅

c. শেষ প্রশ্ন

d. শেষের পরিচয়

Explanation: উত্তর: শ্রীকান্ত। শরৎচন্দ্র চট্টোপাধ্যায় রচিত শ্রীকান্ত উপন্যাসের চরিত্রঃ শ্রীকান্ত, অভয়া, রাজলক্ষ্মী, ইন্দ্রনাথ, অন্নদা দিদি।

51.'কর্ণফুলী' উপন্যাসে কোন উপজাতির কথা বলা হয়েছে?

a. ক) চাকমা ✅

b. খ) মারমা

c. গ) সাঁওতাল

d. ঘ) মণিপুরি

Explanation: উত্তর: চাকমা। সাহিত্যিক আলাউদ্দিন আল আজাদের বিখ্যাত উপন্যাস কর্ণফুলী। • তাঁর 'কর্ণফুলী' উপন্যাস পাহাড় সমুদ্র ঘেরা একটি বিশেষ জনপদের উপন্যাস। - উপন্যাসে চাকমা উপজাতির কথা উল্লেখ করা হয়েছে। - আদিবাসী রাঙ্গামিলা, প্রেমিক দেওয়ানপুত্র (চাকমা), বাঙালি ইসমাইল, জলি, রমজান প্রমুখের জীবন যাপন ও প্রণয় এ উপন্যাসে বর্ণিত। - উপজাতীয় জীবন কাহিনী নিয়ে রচিত চাকমাদের জীবন সংগ্রামের চিত্র এ উপন্যাসের উপজীব্য। - এতে চাকমা ভাষা ব্যবহার করা হয়েছে।

আলাউদ্দিন আল আজাদ নরসিংদী জেলার রায়পুরা থানার রামনগর গ্রামে জন্মগ্রহণ করেন। • তাঁর রচিত বিখ্যাত উপন্যাস: - কর্ণফুলী, - তেইশ নম্বর তৈলচিত্র, - ক্ষুধা ও আশা, - খসড়া কাগজ, - বিশৃঙ্খলা, - স্বপ্নশীলা, - শীতের শেষ রাত বসন্তের প্রথম দিন ইত্যাদি। উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর এবং বাংলাপিডিয়া।

52.মেঘমল্লার' গ্রন্থের রচয়িতা কে?

a. আখতারুজ্জামান ইলিয়াস

b. রবীন্দ্রনাথ ঠাকুর

c. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় ✓

d. মুজতবা আলী

Explanation: উত্তর: বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়। এর ছোটগল্প সংগ্রহ: -মেঘমাল্লার -মৌরীফুল -যাত্রাবদল -কিন্নর দল -পুঁইমাচা

53.'ছোট বকুলপুরের যাত্রী' গ্রন্থটির রচয়িতা কে?

a. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

b. নারায়ণ গঙ্গোপাধ্যায়

c. তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়

d. মানিক বন্দ্যোপাধ্যায় ✓

Explanation: উত্তর: মানিক বন্দ্যোপাধ্যায়।

54.'অন্ধ হলে কি প্রলয় বন্ধ থাকে' পঙক্তির স্রষ্টা কে?

a. জীবনানন্দ দাশ

b. বুদ্ধদেব বসু

c. সুধীন্দ্রনাথ দত্ত ✅

d. বিষ্ণু দে ❌

Explanation: উত্তর: সুধীন্দ্রনাথ দত্ত। 'ক্রন্দসী' কাব্যগ্রন্থের বিখ্যাত কবিতা 'উটপাখি'। এই কবিতার বিখ্যাত উক্তি: 'অন্ধ হলে কি প্রলয় বন্ধ থাকে?'

55.কে সর্বপ্রথম লালনগীতি সংগ্রহ করেন?

a. ক) দ্বীনেশ্চন্দ্র দেন

b. খ) চন্দ্রকুমার দে ❌

c. গ) রবীন্দ্রনাথ ঠাকুর ✅

d. ঘ) গঙ্গাকিশোর চট্টোপাধ্যায়

Explanation: উত্তর: রবীন্দ্রনাথ ঠাকুর। সর্বপ্রথম লালন সাঁই এর গান সংগ্রহ করেন রবীন্দ্রনাথ ঠাকুর। - রবীন্দ্রনাথ লালন শাহর ২৯৮টি গান সংগ্রহ করেন এবং সেগুলি থেকে ২০টি গান তিনি 'প্রবাসী' পত্রিকায় প্রকাশ করেন। লালন শাহ (১৭৭২-১৮৯০) বাউল সাধনার প্রধান গুরু, বাউল গানের শ্রেষ্ঠ রচয়িতা ও গায়ক। - ১১৭৯ বঙ্গাব্দের ১ কার্তিক (১৭৭২) ঝিনাইদহ জেলার হরিশপুর গ্রামে তাঁর জন্ম। - মতান্তরে কুষ্টিয়া জেলার কুমারখালীর ভাঁড়রা গ্রামে এক কায়স্থ পরিবারে তিনি জন্মগ্রহণ করেন। - লালন কোনো জাতিভেদ মানতেন না। - তাই তিনি গেয়েছেন: ‘সব লোকে কয় লালন কি জাত সংসারে/ লালন কয় জাতির কি রূপ দেখলাম না এ নজরে।’ - তাঁর জনপ্রিয় গান- - ‘খাঁচার ভিতর অচিন পাখি’, - ‘বাড়ির কাছে আরশী নগর’, - ‘আমার ঘরখানায় কে বিরাজ করে’ ইত্যাদি।

56.‘কল্যাণী’ নিচের কোন গল্পের চরিত্র?

a. রবিবার

b. অনধিকার প্রবেশ

c. অপরিচিতা ✓

d. মণিহারা

Explanation: উত্তর: অপরিচিতা। ⇒ "অপরিচিতা" ছোটগল্প: "অপরিচিতা" গল্পে অপরিচিতা বিশেষণের আড়ালে যে বলিষ্ঠ ব্যক্তিত্বের অধিকারী নারীর কাহিনি বর্ণিত হয়েছে, তার নাম কল্যাণী। অমানবিক যৌতুক প্রথার নির্মম বলি হয়েছে এমন নারীদের গল্প ইতঃপূর্বে রচনা করেছিলেন রবীন্দ্রনাথ। কিন্তু এই গল্পেই প্রথম যৌতুক প্রথার বিরুদ্ধে নারী-পুরুষের সম্মিলিত প্রতিরোধের কথকতা শোনালেন তিনি। • কাহিনি সংক্ষেপ: এ গল্পে পিতা শম্ভুনাথ সেন এবং কন্যা কল্যাণীর স্বতন্ত্রবীক্ষা ও আচরণে সমাজে গেড়ে-বসা ঘৃণ্য যৌতুকপ্রথা প্রতিরোধের সম্মুখীন হয়েছে। পিতার বলিষ্ঠ প্রতিরোধ এবং কন্যা কল্যাণীর দেশচেতনায় ঋদ্ধ ব্যক্তিত্বের জাগরণ ও তার অভিব্যক্তিতে গল্পটি সার্থক। "অপরিচিতা" উত্তম পুরুষের জবানিতে লেখা গল্প। গল্পের কথক অনুপম বিশ শতকের দ্বিতীয় দশকের যুদ্ধসংলগ্ন সময়ের সেই বাঙালি যুবক, যে বিশ্ববিদ্যালয়ের উচ্চতর উপাধি অর্জন করেও ব্যক্তিত্বরহিত, পরিবারতন্ত্রের কাছে অসহায় পুতুলমাত্র। তারই বিয়ে উপলক্ষ্যে যৌতুক নিয়ে নারীর চরম অবমাননাকালে শম্ভুনাথ সেনের কন্যা-সম্প্রদানে অসম্মতি গল্পটির শীর্ষ মুহূর্ত।

57.'আমার পথ' প্রবন্ধটি কাজী নজরুল ইসলামের কোন গ্রন্থ থেকে সংকলিত হয়েছে?

a. রুদ্র-মঙ্গল ✓

b. দুর্দিনের যাত্রী

c. যুগবাণী

d. রাজবন্দির জবানবন্দি

Explanation: উত্তর: 'আমার পথ' প্রবন্ধটি কাজী নজরুল ইসলামের বিখ্যাত 'রুদ্র-মঙ্গল' প্রবন্ধগ্রন্থ থেকে সংকলিত হয়েছে। - এ প্রবন্ধে লেখক এমন এক 'আমি'র প্রত্যাশা করেছেন যে সত্য প্রকাশে নির্ভীক ও অসংকোচ। - একই সঙ্গে, এক মানুষকে আরেক মানুষের সঙ্গে মিলিয়ে 'আমরা' করে গড়ে তুলতে চেয়েছেন। - তিনি পরনির্ভরতা ও সংকোচ থেকে বের হয়ে মনুষ্যত্ববোধ জাগ্রত করে ঐক্যবদ্ধ হয়ে সম্প্রীতি স্থাপনের মধ্যে দিয়ে উৎকৃষ্ট মানব সমাজ গড়ার প্রত্যয় ব্যক্ত করেছেন। --------------------------- • কাজী নজরুল ইসলাম: - কাজী নজরুল ইসলাম ১১ই জ্যৈষ্ঠ ১৩০৬ সালে ভারতের আসানসোল মহকুমার চুরুলিয়া গ্রামে জন্মগ্রহণ করেন। - ছেলেবেলায় তিনি লেটো গানের দলে যোগ দেন। - পরে বর্ধমান ও ময়মনসিংহের ত্রিশাল থানার দরিরামপুর হাই স্কুলে লেখাপড়া করেন। - ১৯১৭ সালে তিনি

সেনাবাহিনীর বাঙালি পল্টনে যোগ দিয়ে করাচি যান। - তাঁকে ‘বিদ্রোহী কবি' বলা হয়। - মাত্র চল্লিশ বছর বয়সে কবি দুরারোগ্য রোগে আক্রান্ত হয়ে বাকশক্তি হারিয়ে ফেলেন। - বাংলাদেশ প্রতিষ্ঠার পর অসুস্থ কবিকে ঢাকায় আনা হয় এবং পরে তাঁকে বাংলাদেশের নাগরিকত্ব প্রদান করা হয়। - তাঁকে স্বাধীন বাংলাদেশের জাতীয় কবির মর্যাদায় ভূষিত করা হয়। • তাঁর রচিত কাব্যগুলোর মধ্যে রয়েছে: - অগ্নিবীণা, - বিষের বাঁশি, - ছায়ানট, - প্রলয়শিখা, - চক্রবাক, - সিন্ধুহিন্দোল। • কাজী নজরুল ইসলাম এর উপন্যাস- - বাধন-হারা, - মৃত্যুক্ষুধা, - কুহেলিকা, • তাঁর উল্লেখযোগ্য প্রবন্ধগ্রন্থ: - যুগবাণী, - দুর্দিনের যাত্রী। • ১৯২২ থেকে ১৯৩১ সাল পর্যন্ত কাজী নজরুল ইসলামের মোট ৫টি গ্রন্থ নিষিদ্ধ হয়। গ্রন্থগুলো হচ্ছে - - যুগবাণী, - বিষের বাঁশি, - ভাঙ্গার গান, - প্রলয় শিখা ও - চন্দ্রবিন্দু। - ২৯শে আগস্ট ১৯৭৬ সালে কবি ঢাকার পি.জি. হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। - ঢাকা বিশ্ববিদ্যালয়ে মসজিদ-সংলগ্ন প্রাঙ্গণে তাঁকে পরিপূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় সমাহিত করা হয়।

58.বেগম রোকেয়ার ‘গৃহ’ রচনায় কাদের ‘গৃহসুখে বঞ্চিতা’ বলা হয়েছে?

a. ক. নারীকুলকে

b. খ. বঙ্গ নারীদের ✗

c. গ. অধিকাংশ ভারত নারীকে ✓

d. ঘ. গৃহবধূদের

Explanation: বেগম রোকেয়ার ‘গৃহ’ রচনায় অধিকাংশ ভারত নারীকে ‘গৃহসুখে বঞ্চিতা’ বলা হয়েছে। প্রচলিত সমাজব্যবস্থায় সাধারণত বলা হয়ে থাকে, নারীর জন্য বরাদ্দ 'ঘর', আর পুরুষের জন্য আছে 'বাহির। অর্থাৎ পুরুষ সম্পৃক্ত থাকবে বাইরের জীবন ও জগতের সঙ্গে। অন্য দিকে, গার্হস্থ্য ও পারিবারিক জীবনে সীমাবদ্ধ থাকবে নারী। এ ধরনের দৃষ্টিভঙ্গি সমাজে পুরুষের আধিপত্যকে প্রতিষ্ঠিত করে; নারীকে করে তোলে ঘরের সামগ্রী। কিন্তু নারীর সত্যিই কোনো ঘর বা গৃহ আছে কিনা- এ নিয়েই তৈরি হতে পারে প্রশ্ন; রোকেয়া সাখাওয়াত হোসেন এ প্রশ্নটিই তুলেছেন 'গৃহ' প্রবন্ধে।

59.মধ্যযুগের শেষ কবির নাম কী?

a. বিজয় গুপ্ত

b. ভারতচন্দ্র রায় গুণাকর ✓

c. মুকুন্দরাম চক্রবর্তী

d. কানাহরি দত্ত

Explanation: ভারতচন্দ্র রায়গুণাকরঃ অন্নদামঙ্গলের শ্রেষ্ঠ কবি। জন্ম ১৭১২ খ্রিষ্টাব্দে এবং মৃত্যু ১৭৬০ খ্রিষ্টাব্দে। তিনি মধ্যযুগের তথা বাংলা সাহিত্যের প্রথম নাগরিক কবি। ভারতচন্দ্র নবদ্বীপ বা নদীয়ার মহারাজ কৃষ্ণচন্দ্রের সভাকবি ছিলেন। কৃষ্ণচন্দ্র কবিকে 'গুণাকর' উপাধি প্রদান করে।

60.লৌকিক ধারার প্রথম কবি-

a. ক) কোরেশী মাগণ ঠাকুর

b. খ) সৈয়দ সুলতান

c. গ) আলাওল

d. ঘ) দৌলত কাজী

Explanation: ***দৌলত কাজী*** *** আরাকান/ রোসাঙ্গ রাজসভাঃ দৌলত কাজী ছিলেন আরাকান রাজসভার প্রথম কবি এবং প্রথম বাঙালি কবি। তিনি লৌকিক কাহিনির প্রথম রচয়িতা। আরাকান রাজসভার শ্রেষ্ঠ কবি ছিলেন আলাওল। 'সতীময়না ও লোরচন্দ্রানী' কাব্যের প্রথম ২ খণ্ড দৌলত কাজী এবং তৃতীয় খণ্ড আলাওল রচনা করেছেন।

61.'উষ্ণা উষ্ণা পাবত তহিঁ বসই সবরী বালী "-চর্যাপদের কত নং পদ?

a. ক) ২৮নং

b. খ) ৩২নং

c. গ) ৩৩নং

d. ঘ) ৩৯নং

Explanation: চর্যাগীতি-২৮ শবরপাদানাম উষ্ণা উষ্ণা পাবত তহিঁ১ বসই সবরী বালী ।মোরাঙ্গ২ পীচ্ছ পরিহাণ৩ সবরী গীবত৪ গুঞ্জরী মালী ॥ধ্রু॥ উমত সবরো পাগল সবরো৫ মা কর গুলী গুহারী৬ ।

তোহেরী৭ ণিঅ ঘরিণী ণামে সহজ সুন্দরী৮ ॥ধ্রু॥ ণাণা তরুবর মৌলিল রে লাগেলী ডালী । একেলী সবরী এ বণ হিন্ডই কর্ণ কুন্ডল বজ্রধারী ॥ধ্রু॥ তিঅ ধাউ খাট পড়িলা সবরো মহাসুহেঃ৯ সেজি ছাইলী । সবরো ভুঅঙ্গ১০ ণইরামণি দারী পেম্ম১১ রাতি পোহাইলী ॥ধ্রু॥ হিঅ তাঁবোলা মহাসুহে কাপুর খাই। সুণ১২ নৈরামণি১৩ কণ্ঠে লইআ মহাসুহে রাতি পোহাই ॥ধ্রু॥ গুরুবাক্ ধনুআ১৪ বিন্ধ ণিঅ মনে বাণেঁ । একে সর১৫ সন্ধানে বিন্ধহ১৬ পরম ণিবাণেঁ ॥ধ্রু॥ উমত সবরো গরুআ রোসেঁ১৭ । গিরিবর সিহর সন্ধি পইসন্তে সবরো লোড়িব কইসে ॥ধ্রু॥

62.মানুষ নিকটে গেলে প্রকৃত সারস উড়ে যায়! - কার কবিতার পঙক্তি?

a. ক) সমরেশ মজুমদার

b. খ) শামসুর রাহমান

c. গ) বিনয় মজুমদার

d. ঘ) সুনীল গঙ্গোপাধ্যায়

Explanation: মানুষ নিকটে গেলে প্রকৃত সারস উড়ে যায়! - বিনয় মজুমদারের কবিতার পঙক্তি।

63.নিচের কোনটি মহাকাব্য?

a. বিষাদসিন্ধু

b. মহাশ্মশান ✓

c. অনলপ্রবাহ

d. রিক্তের বেদন

64.বেগম রোকেয়ার ইংরেজি গ্রন্থ কোনটি?

a. মতিচূর

b. সুলতানার স্বপ্ন ✓

c. পদ্মরাগ

d. অবরোধবাসিনী

65.‘ছবি’ কবিতাটি বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের কোন কাব্যের অন্তর্গত?

a. চিত্রা

b. গীতাঞ্জলি

c. বনফুল

d. বলাকা

66.‘মাধবীলতা’ উপন্যাসটি কে রচনা করেন?

a. রঙ্গলাল বন্দোপাধ্যায়

b. অক্ষয়কুমার দত্ত

c. সঞ্জীব চট্টোপাধ্যায়

d. হায়াৎ মাহমুদ

67.‘এখন দুঃসময়’ নাটকের রচয়িতা কে?

a. মামুনুর রশীদ

b. হুমায়ূন আহমেদ

c. আব্দুল্লাহ আল মামুন

d. আতিকুল হক চৌধুরী

68.কোনটি শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের সাহিত্যকর্ম নয়?

a. স্বদেশ ও সাহিত্য

b. বিলাসী

c. স্বদেশ অন্বেষা ✓

d. বিরাজ বৌ

69.'আমি বেঁচেছিলাম অন্যদের সময়ে' কাব্যগ্রন্থটি কার রচনা?

a. রফিক আজাদ

b. হুমায়ুন কবির

c. হুমায়ুন আজাদ ✓

d. হাসান হাফিজুর রহমান

70.'চোখের চাতক' - কার রচনা?

a. কাজী নজরুল ইসলাম ✓

b. জসীম উদ্‌দীন

c. রফিক আজাদ

d. হাসান হাফিজুর রহমান

71.'বিপ্রদাস' উপন্যাসের রচয়িতা কে?

a. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় ✓

b. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

c. মানিক বন্দ্যোপাধ্যায়

d. তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়

72.'জলসাঘর' গল্পগ্রন্থটি কার রচনা?

a. হুমায়ুন আজাদ

b. তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় ✅

c. আখতারুজ্জামান ইলিয়াস

d. জহির রায়হান

73.‘এলো সে অবেলায়’ শামসুর রাহমান রচিত কোন ধরনের সাহিত্যকর্ম?

a. আত্মস্মৃতি

b. প্রবন্ধ

c. কাব্যগ্রন্থ

d. উপন্যাস ✅

74.ফররুখ আহমদ তাঁর রচিত কোন কাহিনি কাব্যের জন্য আদমজি পুরস্কার লাভ করেন?

a. হাতেমতায়ী ✅

b. পাখির বাসা

c. সাত সাগরের মাঝি

d. নৌফেল ও হাতেম

75.‘আশালতা’ রবীন্দ্রনাথ ঠাকুর রচিত কোন উপন্যাসের চরিত্র?

a. ঘরে-বাইরে

b. রাজর্ষি

c. চার অধ্যায়

d. চোখের বালি ✓

76.'চিত্তনামা' কাজী নজরুল ইসলাম রচিত একটি -

a. উপন্যাস

b. কাব্যগ্রন্থ ✓

c. গল্পগ্রন্থ

d. প্রবন্ধ

77.কোনটি ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর প্রকাশিত প্রথম গ্রন্থ?

a. বেতালপঞ্চবিংশতি ✓

b. বোধোদয়

c. আখ্যানমঞ্জরী

d. ভ্রান্তিবিলাস

78.কোনটি মানিক বন্দ্যোপাধ্যায় রচিত উপন্যাস?

a. শহরতলি ✓

b. সমুদ্রের স্বাদ

c. হলুদ পোড়া

d. প্রাগৈতিহাসিক

79.'এখনও ক্রীতদাস' কার রচিত সাহিত্যকর্ম?

a. আবুল কালাম শামসুদ্দীন

b. আবুল মনসুর আহমদ

c. আবদুল্লাহ আল মামুন

d. আলাউদ্দিন আল আজাদ

80.'রাজা যায় রাজা আসে' কার রচিত সাহিত্যকর্ম?

a. শামসুদ্দীন আবুল কালাম

b. আবুল হাসান

c. আবুল মনসুর আহমদ

d. আবদুল্লাহ আল মামুন

81.'কাঁদো, প্রিয় দেশ' প্রবন্ধগ্রন্থটি রচনা করেছেন কে?

a. সৈয়দ শামসুল হক

b. অন্নদাশঙ্কর রায়

c. সৈয়দ ওয়ালীউল্লাহ

d. শামসুর রাহমান

82.'পানকৌড়ির রক্ত' কার রচিত সাহিত্যকর্ম?

a. মোহাম্মদ আবদুল হাই

b. আবুল হাসান

c. আল মাহমুদ ✅

d. আবু ইসহাক

83.'পূর্ণ স্বাধীনতা চূর্ণ স্বাধীনতা' লিখেছেন-

a. ফররুখ আহমদ

b. শওকত ওসমান ✅

c. গোলাম মোস্তফা

d. কাজী ইমদাদুল হক

84.‘কী চাহ শঙ্খচিল’ নাটকটি রচনা করেন-

a. মমতাজউদদীন আহমদ ✅

b. মামুনুর রশীদ

c. শামসুর রাহমান

d. জীবনানন্দ দাশ

85.‘নবীনকিশোর শর্মণঃ’ ছদ্মনামটি ব্যবহার করতেন-

a. সুধীন্দ্রনাথ ঠাকুর

b. শামসুর রাহমান

c. অমিয় চক্রবর্তী

d. রবীন্দ্রনাথ ঠাকুর ✓

86.কোনটি জসীমউদ্দীন রচিত ভ্রমণকাহিনি?

a. পশ্চিমের যাত্রী

b. পথে প্রবাসে

c. ভলগার তীরে

d. যে দেশে মানুষ বড় ✓

87.কে সহজযান প্রসঙ্গে চর্যাপদের অন্তর্নিহিত তত্ত্বের ব্যাখ্যা করেন?

a. ভূদেব চৌধুরী

b. পণ্ডিত রাহুল

c. ড. দীনেশচন্দ্র সেন

d. ড. শশীভূষণ দাশগুপ্ত ✓

88.বিজয় গুপ্ত কার শাসনামলে কাব্য রচনায় প্রবৃত্ত হন?

a. গিয়াসউদ্দিন আজম শাহ ✗

b. হুসেন শাহ ✓

c. শামসুদ্দীন ইউসুফ শাহ

d. নাসিরুদ্দিন নুসরত শাহ

89.মঙ্গলকাব্যের মধ্যে কোনটি ব্যতিক্রম?

a. মনসামঙ্গল

b. অন্নদামঙ্গল

c. চণ্ডীমঙ্গল

d. কালিকামঙ্গল

90.'জীবন কথা' স্মৃতিগ্রন্থটি কার রচনা?

a. জসীমউদ্দীন

b. মানিক বন্দ্যোপাধ্যায়

c. অন্নদাশঙ্কর রায়

d. দ্বিজেন্দ্রলাল রায়

91.'স্বাগত বিদায়' কাব্যগ্রন্থটি কার লেখা?

a. জীবনানন্দ দাশ

b. বুদ্ধদেব বসু

c. বিষ্ণু দে

d. আহসান হাবীব

92.'আনোয়ারা' ছবিটি পরিচালনা করেন কে?

a. মোহাম্মদ নজিবর রহমান

b. তারেক মাসুদ

c. জহির রায়হান

d. আলমগীর কবির

93.'তাহমিনা' চরিত্রটি কাজী নজরুল ইসলামের কোন উপন্যাসের চরিত্র?

a. কুহেলিকা

b. মৃত্যু-ক্ষুধা

c. যুগবাণী

d. বাঁধন-হারা

94.চর্যাপদের অনুদ্ধারকৃত পদের সংখ্যা কয়টি?

a. সাড়ে চারটি

b. সাড়ে তিনটি

c. তিনটি

d. চারটি

95.'হিতোপদেশ' সাহিত্যকর্মটি কার রচনা?

a. রামরাম বসু

b. উইলিয়াম কেরি

c. গোলকনাথ শর্মা

d. কোনটিই নয়

96.'জন্মিলে মরিতে হইবে অমর কে কোথা কবে?' এই উক্তিটি কার?

a. আব্দুল হাকিম

b. কায়কোবাদ

c. মীর মশাররফ হোসেন

d. মাইকেল মধুসূদন দত্ত ✓

97.নিচের কোনটি নাটক নয়?

a. লীলাবতী

b. নীলদর্পণ

c. হেক্টরবধ ✓

d. মায়াকানন

98.নিচের কোনটি রবীন্দ্রনাথ ঠাকুরের কাব্যগ্রন্থ নয়?

a. মালঞ্চ ✓

b. চিত্রা

c. বনবাসী

d. কোনটিই নয়

99.'মানুষের মৃত্যু হলে তবুও মানব থেকে যায়' - উক্তিটির রচয়িতা কে?

a. বিষ্ণু দে

b. বুদ্ধদেব বসু

c. সুধীন্দ্রনাথ দত্ত

d. জীবনানন্দ দাশ ✓

100.'কালের পুতুল' কে লিখেছেন?

a. রবীন্দ্রনাথ ঠাকুর

b. শামসুর রাহমান

c. বুদ্ধদেব বসু ✓

d. কোনটিই নয়



© 2024 P2A All rights reserved